

খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রার দপ্তর

Web: www.kmu.ac.bd
Email: kmu@kmu.ac.bd


স্মারক নং- খুমেবি/রেজিঃ/নথি-২৬/২০২২-২৫/ ১২২৫

তারিখঃ ১৫ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

শোক বার্তা

বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী ও বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া আজ ৩০ ডিসেম্বর ২০২৫ রোজ মঙ্গলবার সকালে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর চির বিদায়ে দেশ এক অভিজ্ঞ, প্রজ্ঞাবান ও প্রভাবশালী রাজনৈতিক অভিভাবককে হারালো, যা বাংলাদেশের রাজনৈতিক অঙ্গনে দীর্ঘমেয়াদী শূণ্যতার সৃষ্টি করবে। তাঁর বর্ণাঢ্য রাজনৈতিক জীবনের সংকটকালে তিনি যে আপোষহীন মনোভাব ও আত্মত্যাগের পরিচয় দিয়েছেন যা দেশের গণতান্ত্রিক চর্চাকে আরো সুসংহত করেছে এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য তা অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে। বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে এক বিশাল অধ্যায়ের পরিসমাপ্তি ঘোষিত হলো। সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার অবদান বাংলাদেশে চিরস্মরণীয় হয়ে থাকবে।

তাঁর মৃত্যুতে খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, ট্রেজারার, রেজিস্ট্রার, সকল ডিন ও কর্মকর্তা-কর্মচারীগণ গভীর শোক প্রকাশ করছে এবং মরহুমার আত্মার মাগফিরাত কামনা করছে। সেই সাথে তাঁর শোকসন্তপ্ত পরিবার-পরিজন, আত্মীয়স্বজন ও শুভানুধ্যায়ীদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।


(এস এম আবু নাসের ফারুক)
রেজিস্ট্রার

ই-মেইলঃ registrar@kmu.ac.bd
মোবাইলঃ ০১৭১১১৪৩৩৫০